

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
স্থানীয় সরকার শাখা
www.munshiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২০৩.০৪৩.০০২.২০-

তারিখঃ

ফাল্গুন ১৪২৯
মার্চ ২০২৩


বিষয়ঃ রেলওয়ের টিকেট কালোবাজারী প্রতিরোধ, বিনা টিকেটে ভ্রমণকারীদের নিকট হতে জরিমানাসহ ভাড়া আদায় সহজ করার প্রসঙ্গে।

সূত্রঃ সচিব, রেলপথ মন্ত্রণালয় ২২/০২/২০২৩ খ্রি. তারিখের ১৮ নং স্মারক।

পত্রের ছায়ালিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। বিবেচ্য পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১ (এক) পাতা।

- ১। মেয়র..... পৌরসভা, মুন্সীগঞ্জ
- ২। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), মুন্সীগঞ্জ
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ..... (সকল), মুন্সীগঞ্জ


নাজমুস সামা
সহকারী কমিশনার
স্থানীয় সরকার শাখা, মুন্সীগঞ্জ
ই-মেইলঃ
ddlgmunshiganj24@gmail.com


স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২০৩.০৪৩.০০২.২০- ১৪৬

তারিখঃ

২৫ ফাল্গুন ১৪২৯
২৬ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সহকারী কমিশনার (গোপনীয়) [জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২। সহকারী কমিশনার (আইসিটি) [জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের ওয়েবসাইটে প্রেরণের জন্য]
- ৩। অফিস কপি।


সহকারী কমিশনার
স্থানীয় সরকার শাখা, মুন্সীগঞ্জ



ড. মোঃ হুমায়ুন কবীর
সচিব
রেলপথ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নং: ৫৪.০০.০০০০.০০১.০২৫.০০১.২০২৩-০১৮

তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:।

স্মিত হৃদয়ে,

আপনি জেনে আনন্দিত হবেন যে, সম্প্রতি বাংলাদেশ রেলওয়ের সম্মানিত যাত্রী সাধারণের সেবা বৃদ্ধির লক্ষ্যে "টিকেট যার ভ্রমণ তার" শীর্ষক স্লোগানকে সামনে রেখে ও বাংলাদেশ সরকারের লক্ষ্য অনুযায়ী 'স্মার্ট বাংলাদেশ' গঠনের প্রক্রিয়ার অংশ হিসেবে টিকেট কালোবাজারী প্রতিরোধ, বিনা টিকেটে ভ্রমণকারীদের নিকট হতে জরিমানাসহ ভাড়া আদায় সহজ করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে টিকেটিং ব্যবস্থায় নিম্নোক্ত তিনটি সেবা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যা ১ মার্চ ২০২৩ তারিখ হতে কার্যকর হবেঃ

- (১) জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে রেলওয়ের আন্তঃনগর ট্রেনের টিকেটিং ব্যবস্থা,
- (২) টিকেট চেকিং ব্যবস্থায় POS (Point of Sales) মেশিনের প্রবর্তন, ও
- (৩) অনলাইনের মাধ্যমে ক্রয়কৃত টিকেট অনলাইনে রিফান্ড এর ব্যবস্থা করা।

দেশের প্রতিটি ইউনিয়ন/পৌরসভা ও সিটি কর্পোরেশনের ডিজিটাল সেবা কেন্দ্রসমূহ তৃণমূল পর্যায়ে জনগণের দোরগোড়ায় সহজে সেবা পৌঁছে দিতে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে জেলা প্রশাসকগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন যা অতিশয় প্রশংসনীয়। আপনার নিয়মিত কাজের পাশাপাশি বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনে ভ্রমণকারী বিপুল সংখ্যক সম্মানিত যাত্রী সাধারণের জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে রেলওয়েতে নিবন্ধন করতঃ আন্তঃনগর ট্রেনের টিকেট সংগ্রহ করার বিষয়টিসহ উল্লেখিত তিনটি সেবা সাধারণ জনগণকে অবহিতকরণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উদ্ভোগে,

ড. মোঃ হুমায়ুন কবীর
সচিব
রেলপথ মন্ত্রণালয়।

জেলা প্রশাসক

স্বাক্ষর

রেল ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

ফোন : +৮৮-০২-২২৩৩৫৮১৯৯, ফ্যাক্স : +৮৮-০২-৪৭১১৫৫৯৯, ই-মেইল : secretary@mor.gov.bd, ওয়েবসাইট : www.mor.gov.bd